সংবাদ বিবৃতি

# লামায় ম্রোদের বাড়িঘরে আগুন-ভাঙচুরসহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ

## হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র নিন্দা এবং নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দোষীদের চিহ্নিত করে শাস্তি প্রদানের দাবি

**[ঢাকা, ৩ জানুয়ারি ২০২৩]** লামা রাবার ইন্ডাস্ট্রিজ কর্তৃপক্ষের বিরুদ্ধে বান্দরবানের লামায় সরই ইউনিয়নে রেঙয়েন কারবারি পাড়ায় ম্রোদের ঘরে আগুন দেওয়া, হামলা ও লুটপাটের অভিযোগ উঠেছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানাচ্ছে। একইসাথে ফোরাম এ ঘটনার নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জড়িতদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নিশ্চিতের জোর দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যাচ্ছে, সোমবার রাত ১ টার দিকে রেঙয়েন কারবারি পাড়ায় এ ঘটনা ঘটে। ৫-৬ ট্রাকভর্তি লাঠিয়াল বাহিনী নিয়ে এসে রাবার কোম্পানির লোকজন এ হামলা চালিয়েছে বলে অভিযোগ রয়েছে। এ সময় সাতটি বসত ঘরে অগ্নিসংযোগ করা হলে তিনটি বাড়ি আগুনে পুড়ে যায়। এছাড়া ১০টি ঘরে ভাঙচুর চালানো হয়েছে। বেশ কয়েকজনকে মারধর করেছে হামলাকারীরা। এক বছর ধরে লামার ম্রো ও ত্রিপুরা সম্প্রদায়ের ৪০০ একর ভূমি দখলের চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ রয়েছে লামা রাবার ইন্ডাস্ট্রিজের বিরুদ্ধে। পূর্বেও এ রাবার কোম্পানির বিরুদ্ধে স্থানীয়দের জুমের বাগান পুড়িয়ে দেয়া, কলা গাছ কেটে দেয়া, পানির উৎসে বিষ ছড়িয়ে দেয়াসহ নানাভাবে হয়রানি করে স্থানীয় ম্রোদের উচ্ছেদের প্রচেষ্টা চালানোর অভিযোগ উঠেছে। জাতীয় মানবাধিকার কমিশনসহ বিভিন্ন নাগরিক তথ্যানুসন্ধানে এসব অভিযোগের সত্যতাও প্রমাণিত হয়েছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) মনে করে, এসব অভিযোগের বিপরীতে কার্যকর প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করায় ধারাবাহিকভাবে এসব ঘটনা ঘটে চলেছে এবং ম্রো সম্প্রদায়ের মানবাধিকার চরমভাবে লঙ্ঘিত হচ্ছে। এ ধরনের ন্যাক্কারজনক ঘটনা প্রতিহত করতে এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে দ্রুততার সাথে নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কোনো বিকল্প নেই। এইচআরএফবি কর্তৃপক্ষের কাছে ম্রো সম্প্রদায়ের নিরাপত্তাসহ তাদের মানবাধিকার সুরক্ষায় দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণের জন্য জোর দাবি জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).